# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩২৪

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

---

আরবী

وَفِي رِوَايَةٍ لِمُسْلِمٍ: أَنَّهُ خَطَبَ بِالْجَابِيَةِ فَقَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ لُبْسِ الْحَرِيرِ إِلَّا مَوْضِعَ إِصْبَعَيْنِ أَوْ ثَلَاث أَو أَربع

বাংলা

৪৩২৪-[২১] মুসলিম-এর এক রিওয়ায়াতে আছে- একদিন ’উমার (রাঃ) সিরিয়ার জাবিয়াহ্ নামক শহরে এক ভাষণে বলেছেনঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুই, তিন অথবা চার আঙ্গুলের অধিক পরিমাণ রেশমী কাপড় পরিধান করতে নিষেধ করেছেন।[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম (২০৬৯)-১৫, সহীহ ইবনু হিব্বান ৫৪৩৩, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৬৮৪, তিরমিযী ১৭২১, হিলইয়াতুল আওলিয়া ৪/১৭৭ পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসে পূর্ব বর্ণিত হাদীসের চেয়ে একটু বেশি রেশমী বস্ত্র পরিধানের অনুমতি প্রদত্ত হয়েছে। অর্থাৎ দুই থেকে চার আঙ্গুল পরিমাণ রেশমী বস্ত্র পুরুষের জন্য অনুমোদিত। হানাফী মাযহাবে এ হাদীসের ভিত্তিতে চার আঙ্গুল পরিমাণ রেশমী কাপড় পরিধান অনুমোদন করে, যেমন কাপড়ের পাড় কিংবা ঝালর, চার আঙ্গুল পরিমাণ হলে তা বৈধ। (মিরক্বাতুল মাফাতীহ; ‘আওনুল মা‘বূদ ৭ম খন্ড, হাঃ ৪০৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75048

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন